

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২২.১২০৪

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে জারিকৃত সূচির অপরিবাহিত পরিমাণ উন্মুক্তকরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ১৭-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৯০১ নং স্মারকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ৯৬০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি জারি করা হয়। উক্ত সূচি ও উপসূচির বর্ধিত মেয়াদসহ ১১-০৯-২০২৩ খ্রি. পর্যন্ত বলবৎ ছিল। এ কারণে পরিবহণে ব্যর্থ ঠিকাদারের কার্যক্রম পরবর্তী আদেশ না দেওয়ায় পর্যন্ত স্থগিত করা হলো।

ঢাকা বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ নিশ্চিত করার স্বার্থে নারায়ণগঞ্জ সাইলোতে গমের মজুত গড়ার নিমিত্ত মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে উল্লিখিত সূচির অপরিবাহিত পরিমাণ উন্মুক্ত করা হলো। নারায়ণগঞ্জ সাইলোতে গমের মজুত দ্রুত বৃদ্ধির স্বার্থে আগে আসলে আগে পরিবহণ করবেন ভিত্তিতে কিংবা মোংলা সাইলো জেটিতে বোঝাইয়ের অপেক্ষায় অবস্থানরত জাহাজের ধারণক্ষমতা বিবেচনা করে উন্মুক্ত সূচির গম দ্রুত পরিবহণের ব্যবস্থা করবেন। মেজর ক্যারিয়ার, খুলনা/ডিবিসিসি (খু-ব) নৌ ঠিকাদারগণ এই উন্মুক্ত সূচি বাস্তবায়নে অংশগ্রহণ করতে পারবেন। জারিকৃত সূচির পরিবহণের সকল শর্ত ও নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে। উক্ত উন্মুক্ত সূচি সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট আগামী ১৩-০৯-২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন করবেন।

১২-৯-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dmss@dgfood.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৪) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট

- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯, লোয়ার যশোর রোড (৫ম তলা), খুলনা